গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়ঃ “ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২০-০৪-২০২২।
সভার সময়	১২.৪৫ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট ক।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-সচিব, উন্নয়ন-৩শাখা, পসম জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১২৯৯৯১.১৭ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই, ২০১৬ হতে জুন ২০২৩ পর্যন্ত। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৬৫.৮৪% ও আর্থিক অগ্রগতি ৬২৮০২.৯৩ লক্ষ টাকা (৪৮.৩১%)। অতঃপর প্রকল্প পরিচালক, বাংলাদেশ সেনাবাহিনী প্রকল্পের সার্বিক অগ্রগতি উপস্থাপন করেন।

২। আলোচনা ও সিদ্ধান্ত:-

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে

(ক)	নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১ জানান, এল, এ কেস নং-০১/২০২০-২০২১ এর আওতায় আদমজী নগরে পাম্প ষ্টেশন স্থাপন ও কানেক্টিং খাল (CK-1) খননের জন্য সিদ্ধিরগঞ্জ মৌজায় ১৩.৩১ একর ভূমি অধিগ্রহনের নিমিত্ত ভূমি এবং ভূমি উপর স্থিত অবকাঠামো, গাছপালা ও অন্যান্য ক্ষতিপূরণ বাবদ ১৮৭.৫৮কোটি টাকার প্রাক্কলন পাওয়া গিয়েছে। তন্মধ্যে ৯৯.৮৩৮২ কোটি টাকা জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর অনুকূলে ইতোমধ্যে পরিশোধ করা হয়েছে। অবশিষ্ট ৮৭.৭৪ কোটি টাকা জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ-এর অনুকূলে বিগত ০৩/০৩/২০২২খ্রিঃ তারিখের মধ্যে জমা প্রদানের সময়সীমা নির্ধারিত ছিল কিন্তু বরাদ্দ স্বল্পতার কারণে টাকা জমা প্রদান করা সম্ভব হয়নি। এবিষয়ে উপ-সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় সভাকে জানান, নির্ধারিত সময়ের মধ্যে ভূমি অধিগ্রহনের টাকা জমা প্রদান করা না হলে বিধি মোতাবেক এল, এ কেসটি বাতিল বলে গণ্য হবে। ডিএনডি প্রকল্পের অনুকূলে ভূমি অধিগ্রহনের জন্য অবশিষ্ট ৮৭.৭৪ কোটি টাকা অর্থ বরাদ্দ প্রদান ও ভূমিঅধিগ্রহনের অর্থ জমা প্রদানের সময়সীমা বৃদ্ধির জন্য পত্র প্রেরণের বিষয়ে বিগত ০২/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক ভূমি অধিগ্রহনের টাকা জমা প্রদানের সময়সীমা আগামী ৩০/০৬/২০২২ পর্যন্ত বৃদ্ধির জন্য সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হলেও সময়সীমা বৃদ্ধির বিষয়ে এখনও কোনও প্রতিউত্তর পাওয়া যায়নি। এছাড়া, পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৪৪.২০.০০২.২১-২৬৩, তারিখ: ১৪ মার্চ, ২০২২ এর মাধ্যমে আরএডিপি এর অতিরিক্ত ২০০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল জানান, ভূমি অধিগ্রহণের জন্য প্রয়োজনীয় ৮৭.৭৪ কোটি টাকা জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর অনুকূলে চলতি অর্থবছরের মধ্যে জমা প্রদান করা প্রয়োজন। অন্যথায় এল এ কেসটি বাতিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে ভূমি অধিগ্রহণের কার্যক্রম নতুন করে পুনরায় শুরু করতে হবে। ভূমি অধিগ্রহণ সম্পন্ন না হলে আদমজী নগর পাম্প হাউজের কানেক্টিং ক্যানেল খনন কাজ বাস্তবায়ন করা সম্ভব নয়। ফলে আগামী বর্ষা মৌসুমে প্রকল্প এলাকায় পানি নিষ্কাশনে বিঘ্ন ঘটবে এবং জলাবদ্ধতার সৃষ্টি হবে। এতে করে জনমনে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হতে পারে। এছাড়াও প্রকল্পের সম্পাদিত কাজের অপরিশোধিত বকেয়া বিলের পরিমাণ প্রায় ২৬০.০০ কোটি টাকা। প্রকল্প এলাকায় বসবাসরত জনসাধারণকে জলাবদ্ধতা হতে রক্ষাকল্পে ভূমি অধিগ্রহণ নিশ্চিতকরণসহ কাজ চলমান রেখে যথাসময়ে প্রকল্প সমাপ্তির জন্য বর্তমান অর্থবছরে আরএডিপি বরাদ্দের অতিরিক্ত নূন্যতম ২০০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করার প্রয়োজন। এ বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের পত্রের প্রেক্ষিতে পরিকল্পনা কমিশনের সেচ অনুবিভাগ হতে গত ১১/০৪/২০২২খ্রি. তারিখে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত আরএডিপি বরাদ্দের অতিরিক্ত নূন্যতম ২০০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদানসহ চলতি অর্থবছরে মোট ৩৪৫.২০ (১৪৫.২০+২০০.০০) কোটি টাকা বরাদ্দ প্রদানের বিষয়ে সভাপতিকে অনুরোধ জানান। সভাপতি জানান, যে সকল প্রকল্পের অগ্রগতি ভালো সে সকল প্রকল্পে অর্থ বরাদ্দ বৃদ্ধি করা হবে। এছাড়া, সময়সীমা বৃদ্ধির বিষয়ে ভূমি মন্ত্রণালয় তাগিদপত্র প্রেরণ করতে হবে এবং ডিএনডি প্রকল্পে ভূমি অধিগ্রহণের নিমিত্ত অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রদানের বিষয়ে গুরুত্ব আরোপ করেন।	(ক) প্রকল্পের ভূমি অধিগ্রহনের ক্ষতিপূরণ বাবদ অর্থ, বকেয়া বিল পরিশোধ ও নির্বিঘ্ন উন্নয়ন কার্যক্রম চলমান রাখার জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) পানি সম্পদ মন্ত্রণালয় হতে ভূমি অধিগ্রহণের সময়সীমা বৃদ্ধির জন্য ভূমি মন্ত্রণালয়ে তাগিদপত্র প্রেরণ করতে হবে।	পানি সম্পদ মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালক, বাপাউবো।

(খ)	নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১ জানান, ডিএনডি প্রকল্পের অভ্যন্তরে ৯৩.৯৮ কিঃমিঃ খালের পাড়ে বাপাউবো'র অধিগ্রহণকৃত জায়গায় অবৈধ দখলদার কর্তৃক বিভিন্ন স্থাপনা নির্মাণ করা হয়েছে। এ সকল স্থাপনা উচ্ছেদ কার্যক্রম নিয়মিত পরিচালনা করা হচ্ছে। "ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় বোর্ডের নামে অধিগ্রহণকৃত ভূমি হতে অবৈধ দখলদার উচ্ছেদ এর বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে মোট ৩১টি রিট পিটিশন দায়ের করা হয়েছে। তন্মধ্যে ৬টি রিট পিটিশন মহামান্য আপিল বিভাগ কর্তৃক সিপিএলএ রায় ভোটের পক্ষে হয়েছে এবং ৩টি রিট পিটিশন মহামান্য আপিল বিভাগের মাননীয় চেম্বার জজ কর্তৃক হাইকোর্টেরআদেশ স্থগিত করা হয়েছে। উক্ত ৯টি রিট পিটিশনকৃত ভূমি হতে অবৈধ দখলদার উচ্ছেদ কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। অবৈধ দখলদার কর্তৃক নারায়ণগঞ্জ জর্জ কোর্টে ১৪টি দেওয়ানী মোকাদ্দমা মামলা দায়ের করা হয়েছে এবং ঢাকা জজ কোর্টে ৫টি দেওয়ানী মোকাদ্দমা মামলা দায়ের করা হয়েছে। রিট পিটিশন, মামলা এবং Stay order সমূহ নিষ্পত্তির বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আইন বিভাগ এবং প্রকল্প সংশ্লিষ্ট বাংলাদেশ সেনাবাহিনীর লিগাল উইং যৌথভাবে কাজ করে যাচ্ছে। কিন্তু প্রতিনিয়তই প্রকল্পের অবৈধ দখলদার কর্তৃক মহামান্য হাইকোর্টে মামলাদায়ের করা হচ্ছে এবং মামলাদায়ের করার সাথে সাথে স্টে-অর্ডার প্রদান করা হচ্ছে যা প্রকল্পের কাজকে সার্বিকভাবে বাধা গ্রস্থ করছে।	বিদ্যমান মামলা সমূহ ভ্যাকেট করণ ও নতুন করে স্টে অর্ডার প্রদান না করার বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের পক্ষ হতে এবং বাপাউবো'র আইন বিভাগ কর্তৃক অ্যাটর্নি জেনারেল মহোদয়ের সাথে আলোচনাপূর্বক কার্যকরী ব্যবস্থা গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পানি সম্পদ মন্ত্রণালয় ও আইন বিভাগ, বাপাউবো।
(গ)	প্রকল্প পরিচালক, বাংলাদেশ সেনাবাহিনী জানান, প্রকল্প এলাকায় পর্যাপ্ত বর্জ্য ব্যবস্থাপনা না থাকায় খালের তীর সংলগ্ন এলাকাবাসীগণ ময়লা-আবর্জনা, বর্জ্য ইত্যাদি ফেলে বারবার খালসমূহ ভরাট করে ফেলছেন। ফলে একই খাল একাধিকবার খনন করতে হচ্ছে। অন্যথায় পানি প্রবাহ বাধাগ্রস্থ হয়ে জলাবদ্ধতা সৃষ্টি করছে।	সিটি কর্পোরেশন, স্থানীয় জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের সমন্বয়ে সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনা তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ময়লা-আর্বজনা ফেলে খালসমূহ যেনো ভরাট না করা হয় সে বিষয়ে আলোচনা সভার আয়োজন করতে হবে।	প্রকল্প পরিচালক, বাপাউবো, বাংলাদেশ সেনা বাহিনী এবং ঢাকা দক্ষিণ ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০২১.১৬-১৫৩

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৯
২৮ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্মসচিব)।

২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১০) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

১২) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৩) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৪) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

১৫) প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৭) প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

১৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর , নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

২০) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

২১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২৩) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

২৪) প্রকল্প পরিচালক (বাংলাদেশ সেনাবাহিনী), "ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, ১৯ ইসিবি, মাঝিকান্দি, জাজিরা, শরীয়তপুর।

২৫) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা (ফোকাল পয়েন্ট কর্মকর্তা নারায়ণগঞ্জ), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২৭) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, ঢাকা পওর বিভাগ-১, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

২৮) উপপরিচালক, আইন শাখা (বোর্ড সচিবালয়), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

৩০) প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয় (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব